গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,নীলফামারী
(স্থানীয় সরকার শাখা)
www.nilphamari.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-০৫.৪৭.৭৩০০.০১১.০৫.০৯৮.২২- ১৯৬ (৬০)

তারিখ: ১২ বৈশাখ,১৪২৯
২৫ এপ্রিল,২০২২

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ অধিশাখার ১৪ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০১.২১-২৪ নং স্মারকে জারীকৃত ছাড়পত্রের প্রেক্ষিতে নীলফামারী জেলার ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর এর শূন্য পদ পূরণের লক্ষ্যে নিয়োক্ত শর্ত সাপেক্ষে নীলফামারী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত চাকুরির আবেদন ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। এ কার্যালয় হতে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি নং-০৫.৪৭.৭৩০০.০১১.০৫.০৯৮.১৭-৩১ তারিখ ২৪ জানুয়ারি ২০১৭ খ্রি. মোতাবেক যে সকল প্রার্থী ইতোপূর্বে আবেদন দাখিল করেছেন তাদের পুণরায় আবেদন করার প্রয়োজন নেই। পূর্বের আবেদনকারীগণ এবং এই নিয়োগ বিজ্ঞপ্তির পরিপ্রেক্ষিতে যে সকল চাকুরিপ্রার্থী আবেদন দাখিল করবেন তাদের নিয়োগ পরীক্ষা একই সংগে গ্রহণ করা হবে।

| ক্র:নং | পদের নাম | শূণ্য পদের সংখ্যা | বেতনস্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ |
| ০১ | হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ৬০ টি | গ্রেড-১৬<br>স্কেল- ৯৩০০-২২৪৯০/-টাকা তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি(বেতন ভাতার ৭৫% সরকার কর্তৃক এবং ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়) | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ। |

**শর্তাবলী** :

১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও নীলফামারী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। চাকুরির নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম জেলা ই-সেবা কেন্দ্র,(www.nilphamari.gov.bd), ওয়েব সাইট ও নীলফামারী জেলার সকল ইউনিয়ন পরিষদে পাওয়া যাবে।

৩। নির্ধারিত আবেদনপত্র জেলা প্রশাসক ও সভাপতি, বাছাই কমিটি, নীলফামারী বরাবরে লিখতে হবে।

৪। নির্ধারিত আবেদন ফরমটি কম্পিউটার কম্পোজ বা স্বহস্তে পূরণ করে আবেদন ফরমের নির্ধারিত স্থানে তারিখসহ প্রার্থীকে স্বাক্ষর প্রদান করতে হবে।

৫। বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা উল্লেখ করতে হবে।

৬। আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে;

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি আবেদন পত্রের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে।

(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সনদপত্র আবেদনে সংযুক্ত করতে হবে।

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র আবেদনে সংযুক্ত করতে হবে।

(ঘ) যে কোন তফসিলী ব্যাংক হতে জেলা প্রশাসক, নীলফামারীর অনুকূলে ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

(ঙ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদন পত্রের সাথে নিজের নাম ও ঠিকানা লিখিত ১০/-(দশ) টাকার ডাক টিকেট লাগানো একটি ১০.৫×৪.৫ সাইজের খাম সংযুক্ত করতে হবে।

(চলমান-০২)

(চ) লিখিত পরীক্ষার প্রবেশ পত্রের নমুনার কপি নীলফামারী জেলা ওয়েব সাইট www.nilphamari.gov.bd হতে ডাউনলোড করে ছবি সংযুক্তির স্থানে এক কপি পাসপোর্ট সাইজ ছবি সংযুক্ত করে প্রার্থীর নাম ও ঠিকানার কলাম পূরণ করে ০২ (দুই) কপি প্রবেশপত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৭। লিখিত পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদেরকে ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৮। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজ পত্রাদির মূল কপি উপস্থাপন করতে হবে;

(ক) পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ০১ (এক) কপি নাগরিকত্ব সনদ।

(খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ স্বরূপ সকল মূল/সাময়িক সনদ।

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

(ঘ) জাতীয় পরিচয়পত্র অথবা পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত জন্মনিবন্ধন সনদ।

(ঙ) সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান হতে প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণ সনদ।

(চ) মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা/নাতী/নাতনী হিসেবে চাকুরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদ অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদ মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদ ব্যতীত অন্য কোন সনদ মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতী/নাতনী হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতী/নাতনী এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক সনদ/প্রত্যয়ন পত্র দেখাতে হবে।

(ছ) প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, নীলফামারী এর নিকট থেকে তালিকাভূক্তির সনদপত্রের কপি, এতিমখানার নিবাসীদের ক্ষেত্রে এতিমখানার তত্বাবধায়কের নিকট থেকে প্রত্যয়ন পত্রের কপি, আনসার ও ভিডিপি'র ক্ষেত্রে জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত কপি এবং উপজাতি/তফসিলী সম্প্রদায়ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৯। প্রার্থীর বয়স ৩১/০৫/২০২২খ্রি. তারিখের ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা/নাতী/ নাতনী এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহনযোগ্য হবে না।

১০। আবেদনপত্র আগামী ৩১/০৫/২০২২.খ্রি. তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে ডাকযোগে এ অফিসে পৌছাতে হবে। সরাসরি হাতে হাতে কোন আবেদন গ্রহণ করা হবে না।

১১। অসম্পূর্ন ও ত্রুটিপূর্ন এবং বিলম্বে প্রাপ্ত আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

১২। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা হতে হবে এবং কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবীসহ সীল থাকতে হবে।

১৩। চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না। চাকরিরত প্রার্থীদের বয়সসীমা আগামী ২৬/০৫/২০২২.খ্রি. তারিখ ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা/নাতী/নাতনী এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

১৪। কোটা সম্পর্কিত সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে।

১৫। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৬। খামের উপরে মোট অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) ও বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা উল্লেখ করতে হবে।

১৭। নির্বাচনী পরীক্ষায় (লিখিত, ব্যবহারিক ও মৌখিক) অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগ প্রাপ্ত হলে কর্তৃপক্ষ দায়ী হবেন না। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৮.০৪.২০২২

(খন্দকার ইয়াসির আরেফীন)
জেলা প্রশাসক
নীলফামারী
ফোন-০৫৫১-৬১৩২৯
E-mail: dcnilphamari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,নীলফামারী
(স্থানীয় সরকার শাখা)
www.nilphamari.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩০০.০১১.০৫.০৯৮.২২- ১৯৬(১০০)

তারিখ : ১৫ বৈশাখ,১৪২৫ / ২৮ এপ্রিল,২০২২

অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরণ করা হলো:-

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০২। সচিব, মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ,রংপুর।

০৪। পরিচালক, স্থানীয় সরকার,রংপুর বিভাগ, রংপুর।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো:-

০৫। জেলা প্রশাসক,.........................................(সকল)।

০৬। পুলিশ সুপার,নীলফামারী।

০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নীলফামারী ।

০৮। সিভিল সার্জন, নীলফামারী।

০৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারী ।

১০। অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক/রাজস্ব/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী।

১১। মেয়র, নীলফামারী/সৈয়দপুর/ডোমার/জলঢাকা, নীলফামারী।

১২। উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর, নীলফামারী ।বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য ।

১৩। জেলা তথ্য অফিসার, নীলফামারী। তাঁকে উল্লিখিত নিয়োগ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল।

১৩। জেলা রেজিস্ট্রার, নীলফামারী।

১৪। চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ (সকল), নীলফামারী।

১৫। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর,ক-২৪৪ প্রগতি সরণি কুড়িল (বিশ্বরোড) বারিধারা, ঢাকা-১২২৯ ।

১৬। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক নীলফামারী বার্তা, নীলফামারী।

তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তিটি আগামী ০৭ (সাত) দিনের মধ্যে তাঁর পত্রিকার ভিতরের পাতায় ৩ (তিন) ইঞ্চি কলামে ৮ (আট) ইঞ্চির মধ্যে ০১ (এক) দিন প্রকাশ করার জন্য এবং প্রচারিত সংখ্যার ০২(দুই) কপি নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

১৭। নোটিশ বোর্ড/জেলা ওয়েব পোর্টাল ।

১৮। অফিস কপি ।

২৮.০৪.২০২২

জেলা প্রশাসক
নীলফামারী।

# চাকুরীর আবেদন ফরম

৫×৫ সে.মি ছবি (সম্প্রতি তোলা চার কপি)

বরাবর

.......................................

.......................................

.......................................

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | | | তারিখ: দি ন মা স ব ৎ স র | | |
| ৩. | প্রার্থীর নাম | বাংলা: | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) : | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি ন মা স ব ৎ স র | | ৬. জন্ম স্থান (জেলা): | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | | মাস | | দিন |
| ৮. | মাতার নাম: | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | |
| ১০. | ঠিকানা : | বর্তমান | | স্থায়ী | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | | | | |
| | ডাকঘর: | | | | | |
| | পোস্টকোড নম্বর: | | | | | |
| | উপজেলা: | | | | | |
| | জেলা: | | | | | |
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | | ই-মেইল (যদি থাকে): | | |
| ১২. | জাতীয়তা: | | | ১৩. | জেন্ডারঃ | |
| ১৪. | ধর্ম : | | | ১৫. | পেশা | |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতা: | | | | | |
| | পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী | | |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ্য করুন): | | |
| ২০. | ব্যাংকে টাকা জমার রশিদ/স্লিপ নম্বর: | | তারিখ: | | | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় | | |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,নীলফামারী।
(স্থানীয় সরকার শাখা)
www.nilphamari.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০১ কপি রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

## প্রবেশপত্র

### প্রার্থী কর্তৃক পূরণীয়

পদের নাম :

পরীক্ষার্থীর নাম :

পিতা/স্বামীর নাম :

ঠিকানা :

### অফিস কর্তৃক পূরণীয়

পরীক্ষার্থীর রোল নং-

পরীক্ষা কেন্দ্রের নাম :

পরীক্ষার তারিখ :

পরীক্ষার সময় :

**পরীক্ষার্থীর জন্য আবশ্যকীয় শর্তাবলীঃ**

১. এই প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
২. মোবাইল,ফোন,হাতঘড়ি ও ক্যালকুলেটসহ কোন প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষা হলে প্রবেশ করা যাবে না।
৩. পরীক্ষার্থীকে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।
৪. প্রয়োজনীয় কলম,পেন্সিল ইত্যাদি পরীক্ষার্থীকে সংগে নিয়ে আসতে হবে।
৫. প্রবেশপত্র ছাড়া অন্য কোন প্রকার কাগজপত্র সংগে আনা যাবে না।
৬. পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।
৭. প্রবেশপত্রে কোন প্রকার কাটাকাটি/ঘসামাজা করা যাবে না।
৮. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

উপপরিচালক
স্থানীয় সরকার, নীলফামারী
ও
সদস্য সচিব
বাছাই কমিটি
ফোন নং-০৫৫১-৬১৪৭৫
ddlgnil@gmall.com